**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 3/16/2023 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল স্থানীয় সরকারসমূহের ব্যয় হ্রাস করতে সাহায্য করার জন্য প্রায় 2.9 মিলিয়ন মার্কিন ডলার অনুদান ঘোষণা করলেন

***কর্মকাণ্ডকে সরলীকৃত করতে এবং করদাতাদের আরো সুরক্ষা দিতে স্থানীয় সরকারের কর্মদক্ষতা অনুদান কর্মসূচির মধ্যে প্রদত্ত অর্থ স্টেটব্যাপী সাতটি প্রকল্পের অর্থায়ন করবে***

***অর্থবছর 2024 এর নির্বাহী বাজেটে স্থানীয় সরকারের কর্মদক্ষতা অনুদানের জন্য 3.9 মিলিয়ন মার্কিন ডলার রয়েছে***

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে একত্রীকরণ, ভাগ করা পরিষেবা বা অভ্যন্তরীণ কর্মদক্ষতার মাধ্যমে সরকারের ব্যয় হ্রাস করবে, স্টেটব্যাপী এমন সত্যি প্রকল্পের জন্য কাউন্টি ও মিউনিসিপ্যালিটিকে 2,884,500 মার্কিন ডলার অনুদান তহবিল প্রদান করা হবে। বার্ষিক প্রতিযোগিতামূলক স্থানীয় সরকারের কর্মদক্ষতা অনুদান (Local Government Efficiency Grant, LGEG) কর্মসূচির অংশ হিসেবে, পাঁচটি অর্থদান বাস্তবায়নের সাথে সংশ্লিষ্ট ব্যয় শোধ করবে এবং অবশিষ্ট দুইটি অর্থদান পরিকল্পনা প্রকল্পকে সাহায্য করবে।অর্থবছর 2024 এর নির্বাহী বাজেট স্থানীয় সরকারসমূহের জন্য কেন্দ্রীয় সহায়তা প্রদান করে যাচ্ছে, যার মধ্যে আছে স্থানীয় সরকারের কর্মদক্ষতা অনুদান হিসেবে 3.9 মিলিয়ন মার্কিন ডলার।

"এক দশকের বেশি সময় স্থানীয় সরকারে দায়িত্ব পালন করে আমি জানি যে প্রকল্পের কাজ শেষ করার জন্য ব্যয় হ্রাস করতে স্থানীয়দের কী প্রয়োজন হয়," **গভর্নর হোকল বলেন।** "এই অনুদানগুলি স্থানীয় সরকারের প্রকল্প ও সেবাসমূহকে সরলীকৃত করতে সাহায্য করবে,ফলে তারা দক্ষ ও কার্যকর থাকার মধ্যে নিউ ইয়র্কবাসীদের আরো ভালো সেবাদান করতে পারবে এবং একই সাথে আগামী অনেক বছর ধরে স্টেটব্যাপী আরো সমৃদ্ধিশালী সম্প্রদায় গঠন করতে পারবে।"

**নিউ ইয়র্ক স্টেটের সচিব রবার্ট জে রড্রিগেজ বলেন,** "আমাদের স্থানীয় সরকারের কর্মদক্ষতা অনুদান কর্মসূচিটি সেই সকল নিউ ইয়র্কের কাউন্টি ও মিউনিসিপ্যালিটির জন্য দরকারি একটি হাতিয়ার, যারা প্রকল্পের কাজ করে তা সম্পূর্ণ করার জন্য দায়িত্বশীল অর্থ সাশ্রয়ের ব্যবস্থা খুঁজছে। অতি গুরুত্বপূর্ণ এই অর্থায়ন আমাদের অংশীদারদেরকে এমন মুখ্য

প্রকল্পকে বাস্তবায়ন করতে দিবে যা কর্মদক্ষতা তৈরি করবে এবং নিজেদের সম্প্রদায়ে কর্মকাণ্ডকে সরল করবে, যার ফলে করদাতাদের মার্কিন ডলার সাশ্রয় হবে।"

প্রকল্পসমূহের মধ্যে রয়েছে:

- **ওয়াশিংটন কাউন্টি - ভাগ করে ব্যবহার করার হাইওয়ে ফ্যাসিলিটি - 400,000 মার্কিন ডলার**
  ওয়াশিংটন কাউন্টি এবং ফোর্ট অ্যান টাউন একটি ভাগ করে ব্যবহার করার সরকারি কাজের বিভাগের (Department of Public Works) আউটপোস্ট বার্ন নির্মাণের জন্য একটি 10,140,980 মার্কিন ডলারের প্রকল্প গ্রহণ করবে যা দুইটি সংলগ্ন কাউন্টি ও টাউন বার্নকে প্রতিস্থাপন করবে। নতুন, অত্যাধুনিক ফ্যাসিলিটিটি আরো ভালো পরিষেবা, ভাগ করে ব্যবহার করার সরঞ্জাম এবং একত্রীকৃত ভবনের ব্যবস্থা করবে, যা প্রশাসনিক ব্যয় হ্রাস করবে।

- **ড্যারিয়েন টাউন - আঞ্চলিক বর্জ্যপানি পরিশোধন - 600,000 মার্কিন ডলার**
  টাউনটি একটি নতুন ফোর্স মেইন এবং পাম্প স্টেশন নির্মাণ করবে যার ফলে এটি কর্ফু/পিম্ব্রোক যৌথ বর্জ্যপানি পরিশোধনাগারে (Corfu/Pembroke Joint Wastewater Treatment Plant) বর্জ্য ফেলতে পারবে। 4,781,000 মার্কিন ডলারের এই প্রকল্পটি জড়িত পক্ষগুলির জন্য দীর্ঘমেয়াদে পরিচালনা ও রক্ষণাবেক্ষণ ব্যয় হ্রাস করবে।

- **অন্টারিও কাউন্টি - একাধিক মিউনিসিপ্যাল ই-চুক্তি ব্যবস্থাপনা ব্যবস্থা - 990,000 মার্কিন ডলার**
  এই 1,100,000 মার্কিন ডলারের প্রকল্পটি 23টি মিউনিসিপ্যালিটি সত্তাকে একটি একক, ক্লাউডভিত্তিক বৈদ্যুতিক চুক্তি ব্যবস্থাপনা ব্যবস্থায় নিয়ে যাবে। সরলীকৃত ব্যবস্থাগুলি ভবিষ্যতের সহযোগিতার সুযোগ করে দিবে এবং মিউনিসিপ্যালিটি, বিক্রেতা ও বীমা প্রদানকারীদের মধ্যে একটি আদর্শ প্রদান করবে।

- **লিভিংস্টোন কাউন্টি পানি ও সিউয়ার কর্তৃপক্ষ - ভাগ করে অবকাঠামোর রক্ষণাবেক্ষণ - 650,000 মার্কিন ডলার**
  লিভিংস্টোন কাউন্টি পানি ও সিউয়ার কর্তৃপক্ষ (Livingston County Water and Sewer Authority) ভ্যাকুয়াম ট্রাকটি ক্রয় করবে, কর্তৃপক্ষের সাথে আন্তঃমিউনিসিপ্যাল চুক্তিতে প্রবেশ করা সদস্য সম্প্রদায়সমূহের ব্যবহারের জন্য এটিকে উপলভ্য করা হবে। ট্রাকটি মিউনিসিপ্যাল পানি, সিউয়ার এবং ঝড়ের পানির ব্যবস্থার মধ্যে পরিচালনার উন্নতি করবে।

- **এলমা টাউন - এলমা মিডোজ বর্জ্যপানি পরিশোধন পরিকল্পনা একত্রীকরণ - 400,000 মার্কিন ডলার**
  প্রকল্পটি হলো বিদ্যমান দুইটি বর্জ্যপানি পরিশোধনাগার একত্রীকরণের জন্য এলমা টাউন ও আইরোকুয়োস কেন্দ্রীয় স্কুল জেলার মধ্যকার একটি 5,400,000 মার্কিন ডলারের

প্রয়াস। প্রকল্পটিতে থাকবে হাই স্কুলের বর্জ্যপানি পরিশোধনাগারের বিদ্যমান অবস্থানে একটি একত্রীকৃত পরিশোধনাগার নির্মাণ করা।

- **লিস্টার টাউন - অগ্নি এবং EMS সেবা অধ্যয়ন - 19,500 মার্কিন ডলার**
  লিস্টার টাউন ও গ্রাম বর্তমানে লিস্টার দমকল বিভাগ (Leicester Fire Department) এবং কাইলারভিল দমকল বিভাগের (Cuylerville Fire Department) প্রদত্ত অগ্নি ও EMS সেবার পর্যায় ও প্রকার সংক্রান্ত একটি মূল্যায়নের কাজ সম্পন্ন করবে। এটি সেবার সম্ভাব্য বিকল্পের সম্ভাব্যতা বিশ্লেষণকে সমর্থন করবে, যার মধ্যে থাকবে দুইটি দমকল বিভাগকে একত্রীকরণ এবং একটি যৌথ দমকল জেলা গঠনের সম্ভাবনা।

- **ক্যাজেনোভিয়া কেন্দ্রীয় স্কুল জেলা - ভাগ করে ব্যবহার করার হাইওয়ে গ্যারেজ ও বৈদ্যুতিক যান চার্জিং অবকাঠামো - 25,000 মার্কিন ডলার**
  ক্যাজেনোভিয়া কেন্দ্রীয় স্কুল জেলা (Cazenovia Central School District), নেলসন ও ক্যাজেনোভিয়া টাউন এবং ক্যাজেনোভিয়া গ্রাম একটি 50,000 মার্কিন ডলারে অধ্যয়ন শুরু করবে যেখানে বাস ও হাইওয়ে গ্যারেজ অবকাঠামো ও সংস্থান একত্রীকরণের সুযোগ তদন্ত করে দেখা হবে। পাশাপাশি, অধ্যয়নটি ভাগ করে ব্যবহার করার বৈদ্যুতিক যান চার্জিং অবকাঠামোর সম্ভাব্যতা পরীক্ষা করে দেখবে।

2022 LGEG তহবিলের জন্য 20 আবেদনকারীর মধ্যে থেকে সাতটিকে বাছাই করা হয়েছে। স্টেটের একত্রিত তহবিল আবেদন (Consolidated Funding Application, CFA) প্রক্রিয়ার মাধ্যমে আবেদনপত্র জমা দেওয়া হয়েছে এবং এর পরবর্তীতে বিভিন্ন নির্ণায়কের ভিত্তিতে এর গ্রেডিং করা হয়েছে, যার মধ্যে নিম্নের নির্ণায়কসমূহ রয়েছে কিন্তু যা এর মধ্যে সীমিত নয়:

- করদাতাদের বিনিয়োগের রিটার্ন
- প্রকল্পের আকার
- সুযোগ
- মিউনিসিপ্যাল প্রস্তুতি
- জনগণের জড়িত হওয়া
- কর্মপরিকল্পনা
- বাজেট বিস্তারিত

পাশাপাশি, LGEG নির্দেশনা অনুযায়ী, আবেদনপত্রে অবশ্যই কমপক্ষে দুইটি যোগ্য স্থানীয় সরকারি সত্তাকে অন্তর্ভুক্ত করতে হবে।

LGEG অনুদান আবেদন দুইটি বিভাগে হতে পারে - বাস্তবায়ন অনুদান এবং পরিকল্পনা অনুদান। প্রত্যেক জড়িত মিউনিসিপ্যালিটির জন্য বাস্তবায়ন অনুদান মিউনিসিপ্যালিটিগুলিকে 200,000 মার্কিন ডলার পর্যন্ত দিতে পারবে, এবং মোট সংযোজিত অনুদান 1,000,000 মার্কিন ডলার পর্যন্ত হতে পারবে। বাস্তবায়ন অনুদানের জন্য, স্থানীয় সর্বনিম্ন ম্যাচ হলো 10 শতাংশ। পরিকল্পনা অনুদানের জন্য, প্রত্যেক অংশগ্রহণকারী মিউনিসিপ্যালিটিকে 12,500 মার্কিন ডলার পর্যন্ত দেওয়া হতে পারে, তবে সর্বোচ্চ প্রকল্প ব্যয় 100,000 অতিক্রম করবে না। এইসব অনুদানের

জন্য, আবশ্যিক সর্বনিম্ন স্থানীয় ম্যাচ হলো প্রকল্পের পরিকল্পনা ব্যয় থেকে 50,000 মার্কিন ডলার।

LGEG অনুদান কর্মসূচি হলো স্টেট বিভাগের (Department of State) অধীনে স্থানীয় সরকার পরিষেবা বিভাগ (Division of Local Government Services) পরিচালিত অনুদান কর্মসূচিগুলির মধ্যে একটি। এই ডিভিশন স্থানীয় সরকারগুলোকে প্রযুক্তিগত সহায়তা এবং প্রতিযোগিতামূলক অনুদান প্রদান করে। CWSSI অথবা এই ডিভিশনের পরিচালনাধীন যেকোনো কর্মসূচি সম্পর্কে আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে localgov@dos.ny.gov ঠিকানায় যোগাযোগ করুন অথবা 518 473-3355 নম্বরে ফোন করুন।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন